

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাঁথিয়া, পাবনা।

স্মারক নং-মবিঅ/সাঁ/পাব/

তারিখঃ-----ইং

বরাবর,

চেয়ারম্যান

বিষয়ঃ- “জয়িতা অশ্বেষনে বাংলাদেশ” কর্মসূচীর আওতায় প্রার্থীদের তালিকা প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর বাস্তবায়িত “জয়িতা অশ্বেষন কর্মসূচী একটি চলমান কর্মসূচী। উক্ত কর্মসূচীর আওতায় ২০১৯-২০ অর্থ বছরের জন্য ৫টি ক্যাটাগরীতে জয়িতা নির্বাচনের জন্য আপনার ইউনিয়নের জীবন সংগ্রামে জয়ী তৃনমূল পর্যায়ে প্রকৃত জয়িতাদের নিকট থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন গ্রহণের সময়সীমা ৩০ অক্টোবর/২০১৯। এ বিষয়ে জয়িতা নির্বাচনের নীতিমালা সংযুক্ত করা হলো।

আগামী ৩০ অক্টোবর/২০১৯ তারিখের মধ্যে উক্ত আবেদন প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

(এস এম জামাল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

স্মারক নং-মবিঅ/সাঁ/পাব/৯৪

তারিখঃ ২০/১০/২০১৯ ইং

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। উপজেলা শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা- সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রচারের জন্য।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা -সকল উচ্চ মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়ে প্রচারের জন্য।
- ৩। সহকারী প্রোগ্রামার আইসিটি মন্ত্রনালয়, সাঁথিয়া, পাবনা- উপজেলা পোর্টালে প্রচারের জন্য।
- ৪। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা- তৃনমূল পর্যায়ে প্রচারের জন্য।
- ৫। অফিস কপি।

(এস এম জামাল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

১০

পাঁচটি ক্যাটাগরীর জমিতা :

প্রাথমিকভাবে নিম্নরূপ পাঁচ ক্যাটাগরীতে জমিতা নির্বাচনের প্রস্তাব করা হচ্ছে :

ক) অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী : একজন নারী যিনি স্বকর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিকভাবে নিজে খাবলস্বী হয়েছেন এবং অন্যদেরও পথ দেখিয়েছেন অর্থনৈতিক ভাবে খাবলস্বী হতে (যেমন: একজন নারী যিনি এলাকার বাজারে প্রথম দোকান দিয়েছেন বা অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করেছেন এবং তাঁর দেখাদেখি অন্যরাও উৎসাহিত হয়েছেন এবং এগিয়ে এসেছেন অর্থনৈতিক কর্মকাণ্ডে। কিংবা একজন নারী যিনি নিজে ক্ষুদ্র শিল্প কারখানা দিয়েছেন, যেখানে অন্যান্য নারী পুরুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন)।

খ) শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী : একজন নারী যিনি নানা প্রতিভুলতাকে জয় করে শিক্ষা ও চাকুরি ক্ষেত্রে অসামান্য সাফল্য অর্জন করেছেন (যেমন: একজন অদম্য নারী যিনি দারিদ্র্য ও বিভিন্ন সামাজিক প্রতিভুলতা ও যাত প্রতিঘাতের মধ্য দিয়ে নিজেকে জয় করে পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করে কৃতিত্বের পরিচয় দিয়েছেন কিংবা যিনি সংশ্লিষ্ট ইউনিয়নের মধ্যে প্রকৃষা বিদেশে উচ্চ শিক্ষা পাঠের জন্য গিয়ে উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন অথবা যিনি সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে উচ্চ পর্যায়ের কাজ করছেন)।

গ) সফল স্ত্রী নারী : একজন নারী যিনি একক প্রচেষ্টার দাবিদার ও অন্যান্য সামাজিক প্রতিভুলতাকে জয় করে তাঁর সন্তানদের সুশিক্ষায় শিকিত করেছেন, যারা বিভিন্ন পেশায় সুপ্রতিষ্ঠিত হয়েছেন (যেমন: একজন বিধবা/স্বামী পরিত্যক্তা নারী যার সকল সন্তানই বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রি অর্জন করেছেন এবং স্ব স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠিত হয়েছেন)।

ঘ) নির্ধাতনের বিত্তীয়িকারী মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী : নির্ধাতনের শিকার নারী যিনি আবারও চেঁচা করে নির্ধাতনের বিত্তীয়িকারী পেছনে ফেলে নতুন করে জীবন শুরু করে সফল হয়েছেন (যেমন: একজন নারী যার হাতের আঙ্গুলগুলো তার স্বামী কেটে দিয়েছিল শুধু পড়াশোনা করতে চাওয়ার কারণে কিন্তু তিনি ধৈর্য ধারকেননি, পড়ালেখা চালিয়ে গেছেন এবং সাফল্য অর্জন করেছেন কিংবা একজন নারী যিনি এসিড সন্ত্রাসের শিকার হয়েছেন কিন্তু তারপরও কর্মক্ষেত্রে সাফল্য অর্জনের চেষ্টা করেছেন এবং সফল হয়েছেন)।

ঙ) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী : সমাজের যে কোন ধরনের অন্যায্য বা অসংগতি, অসংস্কার দূর করার ক্ষেত্রে যে নারী নানাবিধ সফল উদ্যোগ নিয়েছেন এবং সমাজ গঠনে প্রসংশনীয় অবদান রেখেছেন (যেমন: একজন নারী যিনি স্বউদ্যোগে দরিদ্র ছেলে-মেয়েদের শিক্ষার জন্য পুঁজি প্রতিষ্ঠা করেছেন কিংবা বাধ্য বিবাহ রোধে সামাজিক আন্দোলন গড়ে তুলেছেন অথবা মানবসম্পত্তি নির্মূলে অগ্রণী ভূমিকা রেখেছেন এবং সফল হয়েছেন)।

তবে, মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে পরামর্শ জুড়ে ক্যাটাগরী পরিবর্তন, পরিবর্তন, নতুন সংযোজনের সুযোগ থাকবে।

ডায়েরী নং ৩৩৩/১৯৯৩
১৯৯৩
১৯৯৩